তারিখ · 27 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... 2 ...

দৈনিক
ইত্তেফাক

# মেডিক্যাল শিক্ষার্থীকে হেনস্তা, যুবক আটক

■ ইত্তেফাক রিপোর্ট

ফার্মগেটে মেডিক্যাল কলেজের এক শিক্ষার্থীকে হেনস্তার অভিযোগে মুন নামের এক যুবককে আটক করেছে পুলিশ। গতকাল সকালের এ ঘটনায় শেরেবাংলা নগর থানায় একটি অভিযোগ দায়ের করেছেন ভুক্তভোগী ওই শিক্ষার্থী।

পুলিশ জানায়, ভুক্তভোগী ওই ছাত্রী টাঙ্গাইলের কুমুদিনী মেডিক্যাল কলেজের চতুর্থ বর্ষের শিক্ষার্থী। গতকাল সকালে টাঙ্গাইল থেকে বাসযোগে ফার্মগেটে আসেন। বাসায় যাওয়ার পথে তেজগাঁও কলেজের সামনে চারজন যুবক তাকে উদ্দেশ্য করে অশালীন মন্তব্য করতে থাকে। এক পর্যায়ে ওই যুবকরা শিক্ষার্থীরা শারীরিকভাবেও লাঞ্ছিত করে। এ ঘটনার প্রতিবাদ করলে যুবকরা শিক্ষার্থীর পিছু নেয়। এক পর্যায়ে রিকশায় চড়ে বসলেও পেছন থেকে তাকে টেনে ধরার চেষ্টা করে দুই বখাটে।

মানিক মিয়া অ্যাভিনিউয় এলাকায় শেরে বাংলা নগর থানার কর্তব্যরত এসআই সাইফুল ইসলামকে দেখতে পেয়ে অভিযোগ করেন ওই শিক্ষার্থী। পরে ধাওয়া দিয়ে মুন নামের এক যুবককে আটক করে পুলিশ। জিজ্ঞাসাবাদের জন্য মুনকে থানায় নেয়া হয়েছে। মুন তেজগাঁও কলেজের সম্মান প্রথম বর্ষের ছাত্র বলে জানা গেছে। এ বিষয়ে শেরে বাংলা নগর থানার ওসি গণেশ গোপাল বিশ্বাস জানান, ভুক্তভোগী শিক্ষার্থী থানায় অভিযোগ দিয়েছে। ঘটনার তদন্ত সাপেক্ষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।